

ঢাকা ওয়াসা

২০২৫-২০২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

আলোচ্য কাজের সার্ভে প্রতিবেদন।

বিনির্দেশ ও প্রাক্কলন কমিটির প্রতিবেদন।

আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Procurement of Necessary Apparatus for BWPP কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। সংযুক্ত ক্রমিক নং-০১ হতে ০৪ দেখা যেতে পারে। ইনজেকশন সেকশন হতে রো সেকশন পর্যন্ত কুলিং টাওয়ার ইন-আউট ওয়াটার লাইন কাজটি সম্পন্ন করার জন্য সরেজমিনে প্ল্যান্টের মেশিন অপারেটর ও ইলেকট্রিশিয়ানসহ সার্ভে রিপোর্ট তৈরি করা হয়েছে। “শান্তি” বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের মাধ্যমে ২৫০ মি:লি:, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০লিটার, ৫ লিটার সাইজের বোতলজাত পানি উৎপাদন ও বিক্রয় এবং ২০ লিঃ জারে পানি ফিলিং ও বিক্রয় করা হয়। প্ল্যান্টে ২৫০ মি:লি:, ০.৫ লিটার, ১.০ লিটার, ১.৫ লিটার, ২.০লিটার, ৫ লিটার সাইজের প্রিফর্ম,ক্যাপ ও বোতল উৎপাদনের জন্য ৬টি ইনজেকশন মেশিন এবং ৪টি রো মেশিন বিদ্যমান রয়েছে। প্ল্যান্টের এই সকল ইনজেকশন ও রো মেশিন সমূহ ২০০৬ ইং সন হতে অর্থাৎ প্ল্যান্ট শুরু হতে চলমান আছে। উক্ত ইনজেকশন এবং রো মেশিন সমূহের কুলিং টাওয়ার ওয়াটার লাইন ইন-আউট সিস্টেম দীর্ঘদিনের পুরাতন হওয়ায় পানি চলাচলের পথে শক্ত আয়রনের স্তর জমে গেছে এবং পানির ফ্লো/প্রেসার খুবই নগণ্য। বিদ্যমান পাইপসমূহ দীর্ঘদিন ব্যবহারের ফলে জরাজীর্ণ হয়ে পড়েছে এবং বিভিন্ন ইলেকট্রো-মেকানিক্যাল ক্রটিজনিত কারণে মাঝেমাঝে কুলিং টাওয়ার ইন-আউট পানি প্রবাহে বাঁধাগ্রস্ত হয়। ফলে সার্বিক বোতলজাত পানি উৎপাদন ও বিক্রয় কার্যক্রমে ব্যাপক বিঘ্ন ঘটে। প্ল্যান্টের উৎপাদন ক্ষমতা সচল/স্বাভাবিক রাখার স্বার্থে ইনজেকশন সেকশন হতে রো সেকশন পর্যন্ত কুলিং টাওয়ার ইন-আউট ওয়াটার লাইনের বিদ্যমান পাইপ পরিবর্তন করে সারা বৎসর ব্যাপী উৎপাদন সচল রাখা সম্ভব। তাই জরুরী ভিত্তিতে প্ল্যান্টের উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ইনজেকশন সেকশন হতে রো সেকশন পর্যন্ত কুলিং টাওয়ার ইন-আউট ওয়াটার লাইনের পাইপসহ আনুষঙ্গিক কাজ করে রাখা প্রয়োজন।

০২। তাই প্ল্যান্টের উৎপাদন সচল রাখার স্বার্থে ইনজেকশন সেকশন হতে রো সেকশন পর্যন্ত কুলিং টাওয়ার ইন-আউট ওয়াটার লাইন কাজটি সম্পাদনের জন্য ঢাকা ওয়াসা বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট বিনির্দেশ ও প্রাক্কলন কমিটির প্রতিবেদনে সিদ্ধান্ত (ক) এর প্রস্তাবিত বিনির্দেশ ও দরের উপর (ক্রমিক-৫ দ্রঃ) উপর ভিত্তি করে প্রাক্কলন তৈরী করা হয়েছে (ক্রমিক-৭ দ্রঃ)। আলোচ্য কাজে ব্যয়ের পরিমাণ ৪,৯৬,৬৬৬.০০০/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত ছেষটি দশমিক শূন্য টাকা মাত্র) টাকা। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Spare parts (Other than plants) (01-04-024) খাতের আওতায় SL. No - 39, Package No-G-30 হতে নির্বাহ করা যেতে পারে (ক্রমিক-১ দ্রঃ)। DoFP অনুযায়ী অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

০৩। আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট এ্যাক্ট PPA-2006 এবং বিধিমালা PPR-2025 এর বিধি-৯০(১) এবং ৯০(৬) অনুযায়ী কোটেশন দরপত্র পদ্ধতি, RFQ(e-GP) প্রক্রিয়ায় সম্পন্ন করা যেতে পারে। কাজটির দরপত্র দলিল BPPA প্রণীত STD (e-PG1) অনুসরণ পূর্বক প্রণয়ন করত কার্য সম্পাদন করা হবে। কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

০৪। এমতাবস্থায় উপরোক্ত অনুচ্ছেদ নং - ০১ হতে ০৩ এর বর্ণনার আলোকে কর্তৃপক্ষের কাজের স্বার্থে Procurement of Necessary Apparatus for BWPP কাজটির উৎপাদন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব অনুমোদন করা যেতে পারে।

ক। উল্লিখিত কাজে ৪,৯৬,৬৬৬.০০০/- (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত ছেষটি দশমিক শূন্য টাকা মাত্র) টাকা প্রাক্কলনটির অনুমোদন।

খ। কাজটির ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্টের ২০২৫-২৬ অর্থ বৎসরের সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Spare parts (Other than plants) (01-04-024) খাতের আওতায় ক্রয় পরিকল্পনার SL. No - 39, Package No-G-30 হতে নির্বাহ করার অনুমোদন।

গ। উক্ত কাজটি উপরোক্ত শর্তাবলীসহ BPPA প্রণীত STD (e-PGI) অনুসরণ পূর্বক কোটেশন দরপত্র পদ্ধতি, RFQ(e-GP) প্রক্রিয়ায় আহবানের মাধ্যমে সম্পন্নের অনুমোদন।

ঘ। সংশ্লিষ্ট কাজের দরপত্র প্রস্তুত, আহবান, চুক্তি সম্পাদন, চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসেবে Plant Manager, BWPP, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

15/06/2026

মোহাম্মদ তৈয়ব উদ্দিন
উপ-সহকারী প্রকৌশলী
বোপাউপ্ত্যা, ঢাকা ওয়াসা।

15-06-26

মোহাম্মদ রাকিব সাদমান
সহকারী প্রকৌশলী
বোপাউপ্ত্যা, ঢাকা ওয়াসা।

7/8/16/26

প্রকৌশলী মোঃ জয়নাল আবদীন
প্ল্যান্ট ম্যানেজার
বোপাউপ্ত্যা, ঢাকা ওয়াসা।

CE 818
অনুমোদিত।
21/06/2026
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

New Bottle Plant

AMJ